অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/7/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ঘোষণা করলেন ওয়ার্কস্পোর্ট লিমিটেড ইরি টিয়ারে 280টি নতুন কর্মসংস্থানের সৃষ্টি করে, নিজেদের কার্যকলাপ সম্প্রসারণ করবে

সৌর গাড়ির কভার উৎপাদনকারী তার পশ্চিম সেনেকা কেন্দ্রে সূচকীয় বৃদ্ধি দেখছে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেন যে ওয়ার্কস্পোর্ট লিমিটেড 6 মিলিয়ন ডলার বিনিয়োগ করবেন এবং নিজের কর্মীবাহিনীতে 280টি নতুন কর্মসংস্থানের ব্যবস্থা করে, তার অত্যাধুনিক সুযোগ-সুবিধা পশ্চিম সেনেকা টাউনে সম্প্রসারণ করবে। নাসডাক স্টক এক্সচেঞ্জ [NASDAQ: WKSP]-এ তালিকাভুক্ত এই সংস্থাটি পিকআপ ট্রাকের জন্য টোনিউ বা টোনযুক্ত কভার এবং সৌরশক্তি চালিত সিস্টেম উৎপাদন করে। ওয়ার্কস্পোর্ট 2023 সালে তার নতুন কেন্দ্রে স্থানান্তরিত হয়েছে, কিন্তু এরমধ্যেই এর পণ্যগুলোর দ্রুত বৃদ্ধিপ্রাপ্ত চাহিদার ব্যবস্থা করতে এটি সম্প্রসারণের প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। বর্তমানে এটি প্রায় দৈনিক 50টি কভার উৎপাদন করে, উৎপাদনের নতুন সংযোজিত লাইনগুলো সংস্থাটিকে প্রতিদিন সর্বোচ্চ 900টি কভার উৎপাদনের সুযোগ দেবে।

"ছোট ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলোর বৃদ্ধি এবং উন্নতিতে নিউ ইয়র্ক স্টেট সুদক্ষ কর্মী এবং গুরুত্বপূর্ণ সংস্থান প্রদান করছে," **গভর্নর হোকল বলেন।** "ওয়ার্কস্পোর্ট মাত্র কয়েকজন ব্যক্তি আর একটা দুর্দান্ত আইডিয়া নিয়ে শুরু হয়েছিল; আর মাত্র কয়েক বছর পরে নিজের পণ্যগুলোর বর্ধিত চাহিদার সাথে তাল মিলিয়ে চলতে এটি কয়েকশো কর্মী নিয়োগ করবে। আমরা গর্বিত যে ওয়ার্কস্পোর্ট নিউ ইয়র্ক স্টেটে বিনিয়োগ করার কথা ভেবেছে, উদ্ভাবন এবং সবুজ প্রযুক্তিকে গ্রহণ করছে, এবং আমাদের উচ্চমানের উৎপাদন ক্ষেত্রের কর্মীবাহিনীর থেকে অসাধারণ সুযোগ নিচ্ছে।"

ওয়ার্কস্পোর্টের প্রধান কার্যনির্বাহী স্টিভেন রোশি বলেন, "ওয়ার্কস্পোর্টের বৃদ্ধির হার আমাদের সবচেয়ে ইতিবাচক প্রত্যাশাকে ছাড়িয়ে গেছে। আমরা নিউ ইয়র্ক স্টেটকে ধন্যবাদ জানাই আমাদের সমর্থন করার জন্য এবং আমাদের সংস্থার উপর আস্থা রাখার জন্য কারণ আমরা ভবিষ্যতে কর্মসংস্থান সৃষ্টির চেষ্টা করি, এবং বৈপ্লবিক ট্রাক কভারগুলো ড্রাইভিংয়ের অভিজ্ঞতা উন্নত করে।"

ওয়ার্কস্পোর্ট তার হার্ড শেল এবং নমনীয় ট্রাক বেড কভার উৎপাদনের জন্য 2023 সাথে 2500 এন. আমেরিকা ড্রাইভ-এ একটি অত্যাধুনিক কেন্দ্র গড়ে তুলেছিল এবং সাথে অনন্য SOLIS সৌর স্থিতিস্থাপক কভার সংযোজন করেছিল, ড্রাইভাররা যেখানেই ভ্রমণ করুক না কেন

তাদেরকে বহনযোগ্য পাওয়ার সিস্টেম দেওয়ার জন্য যার একটি সমন্বিত ব্যাটারি সিস্টেম আছে। সংস্থাটি দ্রুত বুঝতে পারে যে প্রচুর পরিমাণে অর্ডারের জোগান দিতে এবং স্বচ্ছ টেক ইন্ডাস্ট্রির বাজারে নিজেদের শেয়ারের দাম বাড়াতে তাদের আরও আটটি উৎপাদনমূলক লাইন সংযোজন করতে হবে। পশ্চিম সেনেকা কেন্দ্রের সর্বশেষ প্রকল্পটি উৎপাদন ক্ষমতা আরও বাড়ানোর জন্য উচ্চ-প্রযুক্তির মেশিনারি প্রয়োজন সংযোজন করবে। সংস্থাটি বিভিন্ন ধরনের অটোমেশন টুলে প্রায় 6 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে, বিশেষ করে রোবটিক্সের ক্ষেত্রে। কাটিং, বেন্ডিং, এক্সট্রুশন এবং মিলিংয়ের মেশিনগুলো গতি, গুণমান এবং শুল্ক উৎপাদনে সহায়তা করবে।

ওয়ার্কস্পোর্টের সর্বশেষ সম্প্রসারণের প্রকল্পটি আগামী পাঁচ বছর ধরে 280টি কর্মসংস্থান তৈরি করবে বলে আশা করা হচ্ছে। ESD কর্মসংস্থান সৃষ্টির প্রতিশ্রুতির বিনিময়ে এক্সেলসিয়র জবস প্রোগ্রাম ট্যাক্স ক্রেডিটে 2.8 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত ওয়ার্কস্পোর্ট লিমিটেডকে প্রদান করবে। এইরকম স্বচ্ছ প্রযুক্তির প্রচেষ্টাকে সমর্থন করা নিউ ইয়র্ক স্টেটের একটি অগ্রাধিকারপ্রাপ্ত বিষয় এবং জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায় সুরক্ষা আইনের (Climate Leadership and Community Protection Act, CLCPA) 2030 সালের মধ্যে 40 শতাংশ গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করার লক্ষ্যকে সমর্থন করে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট কমিশনার প্রেসিডেন্ট এবং CEO হোপ নাইট বলেন, “ওয়েস্টার্ন নিউ ইয়র্ক ওয়ার্কস্পোর্টের মতো সেইসব আন্তর্জাতিক কোম্পানিগুলোর জন্য একটি বাস্তবসম্মত সদর দরজা, যারা নির্দিষ্ট স্থানে কৌশলগতভাবে প্রোডাকশন কেন্দ্র স্থাপন করে মার্কিন যুক্তরাষ্ট্রে নিজেদের ব্যবসা বাড়ানোর চেষ্টা করছেন। আগামীর কথা চিন্তা করে এমন কোম্পানিগুলোকে সমর্থন করে ছোট ব্যবসাগুলোকে আকর্ষণ করার জন্য গভর্নর হোকলের মনোনিবেশ ক্রমাগত অর্থনীতি শক্তিশালী করবে, উদ্ভাবন এবং সবুজ প্রযুক্তি গ্রহণ করবে, এবং ইরি কাউন্টি এবং স্টেট জুড়ে উচ্চমানের কর্মসংস্থানের ব্যবস্থা করবে।”

NYPA-এর চেয়ারম্যান এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্কের বাসিন্দা জন আর. কোলমেল বলেন, “বিদ্যুৎ কর্তৃপক্ষের নায়াগ্রা বিদ্যুৎ প্রকল্প থেকে কম খরচের বিদ্যুৎ ওয়েস্টার্ন নিউ ইয়র্কের অর্থনৈতিক বৃদ্ধির অন্যতম একটি চালকশক্তি। পশ্চিম সেনেকাতে ওয়ার্কস্পোর্টের সম্প্রসারণ অঞ্চলটির অর্থনীতিকে চাঙ্গা করবে এবং নিউ ইয়র্কের প্রতিভাবান কর্মীবাহিনীর জন্য ভবিষ্যতে কর্মসংস্থান করবে”।

স্টেট সিনেটর প্যাট্রিক এম. গ্যালিভান বলেন, "ইরি কাউন্টিতে ওয়ার্কস্পোর্টের বিনিয়োগ শুধুমাত্র কর্মসংস্থানই তৈরি করে না, এটি একটি বৈপ্লবিক নতুন শিল্পে স্থানীয় ম্যানুফ্যাকচারিংয়ের ভবিষ্যৎ সম্বন্ধে একটি ইতিবাচক বার্তাও পাঠায়। নিউ ইয়র্কের আর্থিক সহায়তার সাথে সম্মিলিতভাবে আমাদের অঞ্চলে এই কোম্পানির প্রতিশ্রুতি এখানকার বাসিন্দাদের পাশাপাশি স্থানীয় অর্থনীতির জন্য লাভজনক হবে। এই চমৎকার ঘোষণার সাথে জড়িত সকলকে আমি অভিনন্দন জানাই।"

ইরি কাউন্টি এক্সিকিউটিভ মার্ক সি. পোলনকারজ বলেন, “ওয়ার্কস্পোর্টের সম্প্রসারণ ইরি কাউন্টির জন্য মারাত্মক খবর, যা দারুণভাবে উৎপাদন ক্ষমতা বাড়াতে কর্মসংস্থান তৈরি করছে এবং নতুন প্রযুক্তিতে বিনিয়োগ করছে। সৌর শক্তি এবং সবুজ প্রযুক্তি ভবিষ্যতকে শক্তিশালী

করে তুলবে এবং ঠিক এখানে এটি ঘটানোর ব্যাপারে গভর্নর হোকলের বিশ্বাস থাকায় আমি তাঁকে ধন্যবাদ জানাই।”

ওয়ার্কস্পোর্ট লিমিটেড সম্পর্কে অতিরিক্ত তথ্য এখানে পাওয়া যাবে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) নিউ ইয়র্কের প্রধান অর্থনৈতিক উন্নয়নের এজেন্সি। ESD এর মিশন হচ্ছে একটি উন্নত এবং ক্রমবর্ধমান অর্থনীতি প্রতিষ্ঠা করা, নতুন কর্মসংস্থান এবং অর্থনৈতিক সুযোগের তৈরিকরণ উৎসাহিত করা, স্টেট এবং তার মিউনিসিপ্যালিটিস রাজস্ব বৃদ্ধি করা এবং স্থিতিশীল ও বৈচিত্র্যময় স্থানীয় অর্থনীতি অর্জন করা। ঋণ, অনুদান, ট্যাক্স ক্রেডিট এবং অন্যান্য ধরনের অর্থনৈতিক সহায়তা ব্যবহারের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটে কর্মসংস্থান সৃষ্টি শুরু করা এবং উন্নত কমিউনিটিকে সহায়তা করার জন্য ESD ব্যক্তিগত ব্যবসায় বিনিয়োগ বৃদ্ধি করার প্রচেষ্টা চালাচ্ছে। ESD এছাড়াও নিউ ইয়র্ক স্টেট আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়নের কাউন্সিল এবং রাজ্যের আইকনিক ট্যুরিজম ব্র্যান্ড "I LOVE NY"-এর বিপণন তত্ত্বাবধানকারী প্রাথমিক প্রশাসনিক এজেন্সি। রিজিওনাল কাউন্সিলস (Regional Councils) এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে আরও তথ্যের জন্য অনুগ্রহ করে www.regionalcouncils.ny.gov এবং www.esd.ny.gov এ যান।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন